# সংযোজনী – 4

## স্টক ব্রোকার, সাব-ব্রোকার ও ক্লায়েন্টদের অধিকার ও বাধ্যবাধকতা
## *SEBI এবং স্টক এক্সচেঞ্জ দ্বারা নির্ধারিত অনুযায়ী*

1. ক্লায়েন্ট সেই অর্থপত্র/চুক্তি/অন্যান্য সরঞ্জামে বিনিয়োগ করবেন বা সেইগুলির বাণিজ্য করবেন যেগুলি স্টক এক্সচেঞ্জ বা সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (SEBI)-র নিজস্ব আইন ও বিধি অনুসারে সংজ্ঞায়িত এবং সময়ে সময়ে এগুলির অধীনে বিজ্ঞপ্তি/নোটিস জারি করে থাকে।

2. স্টক ব্রোকার, সাব-ব্রোকার ও ক্লায়েন্টরা এক্সচেঞ্জের সকল নিয়ম, নিজস্ব আইন ও বিধি এবং এর অধীন বিজ্ঞপ্তি/নোটিস মেনে চলবেন এবং SEBI-র নিয়ম ও বিধি সময়ে সময়ে বলবৎ হওয়া সরকারী কর্তৃপক্ষের প্রাসঙ্গিক বিজ্ঞপ্তিগুলিও মেনে চলবেন।

3. অর্থপত্র কারবার এবং অথবা উৎপন্ন চুক্তি সামলাতে স্টক ব্রোকারের ক্ষমতার বিষয়ে ক্লায়েন্টকে নিজেকেই সন্তুষ্ট হতে হবে এবং স্টক ব্রোকারের মাধ্যমে তাঁর আদেশ পালনে ক্লায়েন্ট ইচ্ছা প্রকাশ করবেন এবং সময়ে সময়ে স্টক ব্রোকারের মাধ্যমে আদেশ নির্বাহ করার আগে স্টক ব্রোকারের সামর্থ্যের উপর ক্লায়েন্ট সন্তুষ্ট থাকবেন।

4. ক্লায়েন্টের খাঁটিত্ব ও আর্থিক স্বচ্ছলতা এবং প্রদেয় পরিষেবার সঙ্গে প্রাসঙ্গিক বিনিয়োগের লক্ষ্যগুলি সম্পর্কে স্টক ব্রোকারকে লাগাতারভাবে নিজেকে সন্তুষ্ট করে যেতে হবে।

5. ব্যবসার জন্য স্টক ব্রোকারকে যে দায়িত্ব পরিচালনা করতে হবে তার সঠিক প্রকৃতি সম্পর্কে ক্লায়েন্টকে সচেতন করে তুলতে স্টক ব্রোকার পদক্ষেপ গ্রহণ করবেন, এর মধ্যে কোনো সীমাবদ্ধতা, দায় ও ক্ষমতা যেগুলি নিয়ে স্টক ব্রোকার কাজ করেন তাও জানাতে পদক্ষেপ নেবেন স্টক ব্রোকারই।

6. ক্লায়েন্ট(দের) সঙ্গে তাঁর সমস্ত লেনদেনের ব্যাপারে স্টক ব্রোকারকে প্রয়োজনীয় সমস্ত সহায়তা ও সহযোগিতা প্রদান করবেন সাব-ব্রোকার।

### ক্লায়েন্ট তথ্য

7. ক্লায়েন্টকে "অ্যাকাউন্ট ওপেনিং ফর্মে" বিস্তারিত বিবরণ সহ স্টক ব্রোকারের প্রয়োজন মতো সব ধরনের বিবরণ যেগুলি স্টক এক্সচেঞ্জ/SEBI সময়ে সময়ে বাধ্যাতমূলক করেছে সেগুলি পূর্ণাঙ্গভাবে জানাতে হবে।

8. অ্যাকাউন্ট ওপেনিং ফর্মে সমস্ত বাধ্যতামূলক বিষয়গুলির সঙ্গে ক্লায়েন্টকে পরিচিত হতে হবে। ক্লায়েন্টের গৃহীত শর্তাবলী অনুযায়ী, স্টক ব্রোকারের দ্বারা নির্দিষ্ট কোনো অতিরিক্ত ক্লজ বা নথি অ-বাধ্যতামূলক হবে।

9. অ্যাকাউন্ট খোলার সময় বা তার পরে 'অ্যাকাউন্ট ওপেনিং ফর্ম'-এ দেওয়া কোনো তথ্যের পরিবর্তন হয়ে থাকলে তা সঙ্গে সঙ্গেই ব্রোকারকে লিখিতভাবে জানাবে ক্লায়েন্ট;যার মধ্যে আছে পিটিশন তুলে নেওয়া/দেউলিয়া ঘোষণার আবেদন বা কোনো মামলা যা তাঁর ভার বহন করতে পারে। মেয়াদ ভিত্তিতে ক্লায়েন্ট স্টক ব্রোকারকে আর্থিক তথ্য দেবেন বা আপডেট করতে থাকবেন।

10. অ্যাকাউন্ট ওপেনিং ফর্মে উল্লেখিত ক্লায়েন্ট সংক্রান্ত সমস্ত বিস্তারিত তথ্য বা ক্লায়েন্ট সংক্রান্ত অন্যান্য কিছু তথ্যের গোপনীয়তা রক্ষা করবেন স্টক ব্রোকার ও সাব-ব্রোকার এবং তাঁরা কোনো আইন বা বিধির প্রয়োজনীয়তা ছাড়া কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষের কাছে সেগুলি ফাঁস করবেন না। যদিও শর্তসাপেক্ষে ক্লায়েন্টের অনুমতিতে তাঁর ক্লায়েন্ট সংক্রান্ত তথ্য কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষের কাছে প্রকাশ করা যেতে পারে।

## মার্জিন

11. স্টক ব্রোকার বা এক্সচেঞ্জ দ্বারা বিবেচিত বা ক্লায়েন্টের ব্যবসা সেগমেন্ট(গুলি)তে সময়ে সময়ে SEBI দ্বারা নির্দেশিত প্রযোজ্য প্রারম্ভিক মার্জিন, উইথহোল্ডিং মার্জিন, স্পেশাল মার্জিন বা অন্য ধরনের মার্জিন ক্লায়েন্ট দেবেন। স্টক ব্রোকারের অতিরিক্ত মার্জিন সংগ্রহ করার একমাত্র এবং একান্ত বিবেচনার ভিত্তিতে অনুমোদন রয়েছে (এক্সচেঞ্জ, ক্লিয়ারিং হাউস/ক্লিয়ারিং কর্পোরেশন বা SEBI দ্বারা যদি প্রয়োজন নাও হয়) এবং ক্লায়েন্ট শর্তাধীন সময়ের মধ্যে এই ধরনের মার্জিনগুলি পরিশোধ করতে বাধ্য থাকবেন।

12. ক্লায়েন্ট বোঝেন যে ক্লায়েন্টের প্রদেয় মার্জিন আবশ্যিকভাবে সমস্ত বকেয়া পূরণ করতে পারে না। ধারাবাহিকভাবে মার্জিন পরিশোধ স্বত্তেও, ক্লায়েন্ট হয়তো, তার বাণিজ্যের নিষ্পত্তির উপর, পরিশোধ করতে বাধ্য থাকতে পারেন (অথবা প্রাপ্ত এনটাইটেলমেন্ট সহ) চুক্তি হিসাবে যা আরও বেশির নির্দেশ দিতে পারে/বা প্রয়োজন হতে পারে।

## লেনদেন এবং নিষ্পত্তি

13. ক্লায়েন্ট তাঁর অর্থপত্র/সিদ্ধান্তমূলক চুক্তি কেনা অথবা বিক্রি করার জন্য যে কোনো নির্দেশ লিখিতভাবে অথবা এমন কোনো আকারে অথবা পদ্ধতিতে দেবেন, যা ক্লায়েন্ট এবং স্টক ব্রোকারের মধ্যে পারস্পরিক বোঝাপড়ার ভিত্তিতে তৈরী হয়েছে। স্টক ব্রোকারকে নিশ্চিত করতে হবে যে ক্লায়েন্টের হয়ে ট্রেডিং পরিচালনা এবং তা সম্পাদন করা, শুধুমাত্র ক্লায়েন্টকে দেওয়া ইউনিক ক্লায়েন্ট কোড-এর মাধ্যমেই করা হবে।

14. স্টক ব্রোকারকে অবশ্যই ক্লায়েন্টকে জানাতে হবে এবং তাঁকে ট্রেডিং/নিষ্পত্তি চক্র, প্রদান/পেমেন্টের তালিকা সম্পর্কে অবহিত রাখতে হবে, তার ফলে সময়ে সময়ে কোনো পরিবর্তন হলেও সেটিও জানাতে হবে, এবং ক্লায়েন্টের ক্ষেত্রে এটি তাঁর দায়িত্বের মধ্যে পড়ে যে যেখানে এই ট্রেডিংয়েরর কাজটি সম্পাদিত হয়েছে সেই প্রাসঙ্গিক স্টক এক্সচেঞ্জের তফসিল/প্রক্রিয়া তিনি মেনে চলবেন।

15. স্টক ব্রোকারকে নিশ্চিত করতে হবে যে অর্থ/অর্থপত্র ক্লায়েন্ট জমা করেছেন তা একটি ভিন্ন অ্যাকাউন্টে রাখা হবে, তা যেন তাঁর নিজের/তাঁর নিজস্ব অ্যাকাউন্ট অথবা অন্য যে কোনো ক্লায়েন্টের অ্যাকাউন্টের থেকে পৃথক হয় এবং কখনোই স্টক ব্রোকার তাঁর নিজের জন্য/তার জন্য অথবা অন্য যে কোনো ক্লায়েন্ট অথবা নিয়ম, নীতি, বিজ্ঞপ্তি, নোটিস, SEBI-র নির্দেশিকা এবং/অথবা এক্সচেঞ্জের নিয়ম, নীতি, উপ-ধারা, বিজ্ঞপ্তিতে উল্লিখিত উদ্দেশ্য ছাড়া অন্য কোনো উদ্দেশ্যে এটাকে ব্যবহার করবেন না।

16. যেখানে এক্সচেঞ্জ(গুলি) স্বতঃপ্রণোদিত হয়ে এমন সমস্ত ট্রেডিং(গুলি), এমনকী যেগুলি ক্লায়েন্টের তরফে করা হয়েছে সেগুলিও এই তথ্য বলে বাতিল করতে পারে, সেখানে স্টক ব্রোকারের অধিকার আছে ক্লায়েন্ট(দের) সংশ্লিষ্ট চুক্তি(গুলি) বাতিল করে দেওয়ার।

17. এক্সচেঞ্জে যে আদান প্রদান সম্পাদন করা হয়েছে তা যে স্টক এক্সচেঞ্জের আওতায় ট্রেড সম্পন্ন হয়েছে সেখানকার নিয়ম, নিজস্ব আইন ও বিধি এবং সেখানকার জারি করা বিজ্ঞপ্তি/নোটিস মেনে হয় এবং এই ধরনের ট্রেডিংয়ে সমস্ত পক্ষ এই ধরনের আদালতের এক্তিয়ারের মধ্যে পেশ করতে হয় যেমনভাবে সেগুলি এক্সচেঞ্জের নিজস্ব আইন ও বিধিতে নির্দিষ্ট রয়েছে সেই অনুযায়ী, যে এক্সচেঞ্জের নিয়ম, নিজস্ব আইন ও বিধি এবং সেখানকার জারি করা সার্কুলার/নোটিসের ধারাগুলি কার্যকরী হবে।

## দালালির পারিশ্রমিক বা ব্রোকারেজ

18. স্টক ব্রোকারকে সময়ে সময়ে ক্লায়েন্টের দালালির পারিশ্রমিক এবং প্রচলিত বিধিবদ্ধ লেভি দিতে হবে এবং সেটি যেভাবে ক্লায়েন্টের অ্যাকাউন্ট, লেনদেনে এবং যে পরিষেবা স্টক ব্রোকার তাঁর ক্লায়েন্টকে দেন সেই অনুযায়ী প্রযোজ্য হবে। স্টক ব্রোকার সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের নিয়ম, নীতি এবং উপাধারায় এবং/অথবা SEBI-র নিয়ম এবং নীতি অনুযায়ী তাঁর অনুমোদিত সর্বোচ্চ দালালি পরিসীমার বেশি দালালির পারিশ্রমিক নিতে পারবেন না।

## ধার পরিশোধ ও পদ পরিত্যাগ

19. স্টক ব্রোকারের অন্যান্য অধিকার (একটা বিষয়কে আরবিট্রেশনে পাঠানোর অধিকার সহ) ক্ষুণ্ণ না করেই ক্লায়েন্ট বুঝবেন যে স্টক ব্রোকারেরই দায়িত্ব সকল ধার পরিশোধ/পরিত্যাগ অথবা মার্জিন বা অন্য অ্যামাউন্ট, বকেয়া ধার প্রভৃতির পেমেন্ট না হলে যে কোনো ক্লায়েন্টের পদ পরিত্যাগও স্টক ব্রোকারের দায় এবং ক্লায়েন্টের দায়/বাধ্যবাধকতার ভিত্তিতে এই ধরনের ধার পরিশোধ/পরিত্যাগের বিহিতও তাঁর দায়িত্ব। এই ধরনের যে কোনো বা সমস্ত পরিশোধ/পরিত্যাগের জন্য সমস্ত লোকসান ও আর্থিক মাসুল ক্লায়েন্টকেই বহন করতে হবে।

20. ক্লায়েন্টের মৃত্যু হলে বা তিনি দেউলিয়া হয়ে গেলে অথবা ক্লায়েন্ট যে অর্থপত্রের অর্ডার দিয়েছিলেন কোনো কারণে তা গ্রহণ করতে অসমর্থ হলে এবং সেগুলি বাবদ অর্থ দিতে না পারলে স্টক ব্রোকার ক্লায়েন্টের লেনদেন পরিত্যাগ করতে পারেন এবং যদি কোনো লোকসান হয়ে থাকে তা ক্লায়েন্টের কাছ থেকে দাবি করতে পারেন। এর ফলে উদ্বৃত্ত কিছু দিতে হলে ক্লায়েন্ট বা তাঁর নমিনি, উত্তরাধিকারী, ওয়ারিশ ও স্বত্বনিয়োগীকে সেই দায় নিতে হবে। ক্লায়েন্ট নোট করবেন যে একজন নমিনির পক্ষে তহবিল/অর্থপত্রের হস্তান্তর স্টক ব্রোকারের বৈধতা পাবে তাঁর আইনী ওয়ারিশের বদলে।

21. একজন ক্লায়েন্টের পেমেন্ট/ডেলিভারির খেলাপ ও সে সম্পর্কিত দিক নিয়ে যাবতীয় তথ্য প্রাসঙ্গিক এক্সচেঞ্জের নজরে আনবেন স্টক ব্রোকার। খেলাপী ক্লায়েন্ট একজন কর্পোরেট সত্ত্বা/অংশীদারী/মালিকানাধীন সংস্থা বা তাঁর অন্যান্য কৃত্রিম আইনী সত্ত্বা থাকলে, যেমন কেস অনুযায়ী ডিরেক্টর/প্রোমোটার/পার্টনার/প্রোপাইটারের নাম(গুলি) স্টক ব্রোকারই প্রাসঙ্গিক এক্সচেঞ্জকে জানাবেন।

## বিতর্কের নিষ্পত্তি

22. স্টক ব্রোকারই ক্লায়েন্টকে সংশ্লিষ্ট এক্সচেঞ্জ এবং SEBI-র প্রাসঙ্গিক যোগাযোগের বিবরণ প্রদান করবেন।

23. স্টক ব্রোকারের মাধ্যমে করা সমস্ত লেনদেন সম্পর্কে অভিযোগগুলির প্রতিবিধান করতে ক্লায়েন্টকে সহযোগিতা করবেন স্টক ব্রোকার এবং শেয়ারের খারাপ ডেলিভারির জন্য আপত্তি সরাতে এবং খারাপ ডেলিভারি শোধরানো প্রভৃতির জন্য সহযোগিতা করবেন।

24. ক্লায়েন্ট ও স্টক ব্রোকাররা ডিপোজিট, মার্জিন মানি প্রভৃতি সম্পর্কিত যে কোনো ক্লেইম এবং/অথবা বিরোধ যে এক্সচেঞ্জে ট্রেডিং করা হয়েছে সেখানকার নিয়ম, নিজস্ব আইন ও বিধি অনুযায়ী আরবিট্রেশনের কাছে পাঠাতে পারেন এবং সময়ে সময়ে সেই মতো বিজ্ঞপ্তি বা নোটিস জারি করা যেতে পারে।

25. ক্লায়েন্ট ও তাঁর মধ্যে লেনদেন সংক্রান্ত কোনো আরবিট্রেশন প্রক্রিয়ার দ্রুত নিষ্পত্তি নিশ্চিত করবেন স্টক ব্রোকার এবং এই ধরনের প্রক্রিয়ায় আরবিট্রেশনের রায় রূপায়নের দায়িত্ব নিতে হবে তাঁকে।

26. ক্লায়েন্ট/স্টক ব্রোকার বোঝেন যে বিরোধ মেটানোর জন্য একজন অনুমোদিত প্রতিনিধি দ্বারা জারি করা নির্দেশ, যদি থাকে, ক্লায়েন্ট/স্টক-ব্রোকারকে অনুমোদিত প্রতিনিধি দিয়ে ক্লায়েন্ট/স্টক-ব্রোকারের তরফে সামলানোর সুযোগ থাকে।

## সম্পর্কের অবসান

27. স্টক ব্রোকার এবং ক্লায়েন্টের মধ্যে সম্পর্কের অবসান হবে যদি কোনো কারণে স্টক এক্সচেঞ্জে স্টক ব্রোকারের সদস্যপদ চলে যায়, যার অন্তর্ভুক্ত হল স্টক ব্রোকারের খেলাপী হওয়া, মৃত্যু হলে, পদত্যাগ করলে বা বহিষ্কৃত হলে অথবা বোর্ড যদি তাঁর সার্টিফিকেট বাতিল করে।

28. স্টক ব্রোকার, সাব-ব্রোকার ও ক্লায়েন্টরা অন্য পক্ষকে এক মাসের কম সময়ের মধ্যে লিখিত নোটিস দিয়ে কোনো কারণ না জানিয়েই নিজেদের মধ্যে সম্পর্ক ছিন্ন করতে পারে। এই ধরনের সমাপ্তিতে যদিও লেনদেন থেকে উদ্ভূত বা লেনদেনের কারণে যাবতীয় অধিকার, দায় ও বাধ্যবাধকতা সম্পর্ক অবসানের আগে সংশ্লিষ্ট পক্ষগুলির উপরই টিকে থাকে এবং কেস অনুযায়ী তাঁর সংশ্লিষ্ট উত্তরাধিকারী, অছি, অ্যাডমিনিস্ট্রেটর, আইনি প্রতিনিধি বা উত্তরাধিকারীদের উপর বর্তায়।

29. সাব ব্রোকারের মৃত্যু হলে বা দেউলিয়া হয়ে গেলে বা বোর্ড তাঁর রেজিস্ট্রেশন বাতিল করলে বা স্টক এক্সচেঞ্জ সাব-ব্রোকারের স্বীকৃতি প্রত্যাহার করে নিলে এবং/অথবা যে কোনো কারণেই সাব ব্রোকারের সঙ্গে স্টক ব্রোকারের চুক্তির অবসান হলে ক্লায়েন্টকে এই ধরনের অবসানের কথা জানানো হবে এবং সেই ক্লায়েন্ট তখন স্টক ব্রোকারের প্রত্যক্ষ ক্লায়েন্ট হিসাবে গণ্য হবেন এবং স্টক ব্রোকার, সাব-ব্রোকার ও ক্লায়েন্ট পরিচালনায় 'অধিকার ও দায়বদ্ধতা' নথির সমস্ত ক্লজ হুবহু বলবত্ হবে, যদি না এক মাসের কম সময়ের মধ্যে সম্পর্ক ছিন্ন করতে চেয়ে ক্লায়েন্ট নিজে লিখিত নোটিস দিয়ে থাকেন।

## অতিরিক্ত অধিকার ও বাধ্যবাধকতা

30. স্টক ব্রোকার ক্লায়েন্টকে ডিভিডেন্ড সম্পর্কে ক্লায়েন্টের অধিকার, বোনাস শেয়ার প্রভৃতি সম্পর্কে সুরক্ষা নিশ্চিত করেন, এর মাধ্যমে লেনদেনের ভিত্তিতে এবং এটা তেমন কিছু করে না যার জন্য তাঁরা অর্থ পত্রের লেনদেন করছেন সেই ক্লায়েন্টের স্বার্থের পক্ষে হানিকর হতে পারে।

31. স্টক ব্রোকার ও ক্লায়েন্ট সময়ে সময়েই তাঁদের অ্যাকাউন্টগুলির মিটমাট করবেন এবং নিষ্পত্তি করবেন, এটা করতে হবে SEBI এবং যেখানে ট্রেডিং করা হচ্ছে প্রাসঙ্গিক সেই এক্সচেঞ্জের জারি করা নিয়ম, বিধি, আইনকানুন, নোটিস ও নির্দেশিকা অনুসারে।

32. স্টক ব্রোকার চালু ব্যবসার জন্য তাঁর শরিকদের একটা কন্ট্রাক্ট নোট ইস্যু করবেন এমন ধরনের ফরম্যাটে যা সময়ে সময়ে এক্সচেঞ্জ দ্বারা নির্ধারিত হয় যার মধ্যে সমস্ত লেনদেনের যাবতীয় রেকর্ড থাকে, যেমন অর্ডার নম্বর, ট্রেডিংয়ের নম্বর, ট্রেডিংয়ের সময়, ট্রেডিংয়ের মূল্য, ট্রেডিংয়ের পরিমাণ, চুক্তির ডেরিভেটিভের বিবরণ, ক্লায়েন্ট কোড, ব্রোকারেজ, লেভি বাবদ সমস্ত মাসুল প্রভৃতি এবং জরুরী প্রাসঙ্গিক সমস্ত বিবরণ এর মধ্যেই পূরণ করা থাকে এবং এক্সচেঞ্জের নির্ধারিত সময়ের মধ্যে ও এইভাবেই এগুলি পূরণ করা হয়। ট্রেডিং চালু হওয়ার একটি কর্মদিবসের মধ্যেই হার্ড কপি এবং/অথবা ডিজিটাল স্বাক্ষর সহ ইলেক্ট্রনিক ফর্মে লগ্নীকারীকে কন্ট্রাক্ট নোট পাঠিয়ে দেবেন স্টক ব্রোকার।

33. যেখানে ট্রেডিং হয়েচে সেই প্রাসঙ্গিক এক্সচেঞ্জ থেকে পেআউট পাওয়ার পর একদিনের মধ্যে স্টক ব্রোকার অর্থপত্রের ডেলিভারি বা তহবিলের পেআউট করবেন যদি না ক্লায়েন্ট অন্য কিছু নির্ধারণ করে দিয়ে থাকেন এবং যেখানে ট্রেডিং হয়েছে সময়ে সময়ে সেই প্রাসঙ্গিক এক্সচেঞ্জের নির্ধারিত এই ধরনের শর্তাবলী মেনে হবে।

34. তহবিল ও অর্থপত্র উভয়ের জন্য স্টক ব্রোকার একটা পূর্ণাঙ্গ 'স্টেটমেন্ট অব অ্যাকাউন্ট' সময়ে সময়ে পাঠাবেন তাঁর প্রত্যেক ক্লায়েন্টকে, যেখানে ট্রেডিং চালু হয়েছে সেই প্রাসঙ্গিক এক্সচেঞ্জের নির্ধারিত সময়সীমা ও ফরম্যাটে এই স্টেটমেন্ট বা বিবৃতি পাঠানো হবে। সেই বিবৃতিতে এও বলা থাকবে যে স্টক ব্রোকারের থেকে এই ধরনের স্টেটমেন্ট পাওয়ার পর কোনো ভুল থাকলে যেখানে ট্রেডিং চালু হয়েছে সেই প্রাসঙ্গিক এক্সচেঞ্জের নির্ধারিত সময়সীমার মধ্যে ক্লায়েন্টকে তা জানাতে হবে।

35. স্টক ব্রোকার ক্লায়েন্টদের ডেইলি মার্জিন স্টেটমেন্ট পাঠাবেন। ডেইলি মার্জিন স্টেটমেন্টের মধ্যে থাকা উচিত ইন্টার-আলিয়া, সমান্তরাল জমা, সমান্তরাল ব্যবহার ও সমান্তরাল অবস্থা (ক্লায়েন্টের থেকে উপলব্ধ ব্যালান্স/বকেয়া)-র বিবরণ, এর মধ্যে নগদ, ফিক্সড ডিপোজিটের পাওনা (FDRs), ব্যাঙ্ক গ্যারান্টি ও অর্থপত্রের ভাঙ্গা হিসাব।

36. ক্লায়েন্টকে নিশ্চিত করতে হবে যে তাঁর স্টক ব্রোকারের সঙ্গে সম্পর্ক তৈরীর আইনী ক্ষমতা রয়েছে, এবং এর জন্য তিনি অনুমোদিত এবং একইসঙ্গে তাঁর দায় ও বাধ্যবাধকতা নেওয়ার ক্ষমতা রয়েছে। ক্লায়েন্ট প্রবেশ করতে পারেন এমন সমস্ত লেনদেনের জন্য সম্মতি গ্রহণ নিশ্চিত করা আবশ্যিক যা ক্লায়েন্টের দ্বারা সম্পন্ন হবে এমন লেনদেনে প্রবেশের আগে সমস্ত কাজ করা আবশ্যিক।

## ইলেক্ট্রনিক কন্ট্রাক্ট নোটস (ECN)

37. ক্লায়েন্ট যদি ইলেক্ট্রনিক ফর্মে কন্ট্রাক্ট নোট পেতে চান তবে তাকে স্টক ব্রোকারকে একটা উপযুক্ত ইমেল আইডি জানাতে হবে। ইমেল আইডি-র কোনো পরিবর্তন হলে একটা বাস্তবিক চিঠির মাধ্যমে স্টক ব্রোকারকে সেটা জানাবেন ক্লায়েন্ট। ক্লায়েন্ট যদি ইন্টারনেট ট্রেডিং বেছে থাকেন তবে ইমেল ID-র পরিবর্তন করার আরজি জানাতে হবে ক্লায়েন্টের নির্দিষ্ট ইউজার ID এবং পাসওয়ার্ড দিয়ে নিরাপদ অ্যাক্সেসের মাধ্যমে।

38. স্টক ব্রোকারকে নিশ্চিত করতে হবে যাতে ইমেল মারফত পাঠানো সমস্ত ECNs ডিজিটালি স্বাক্ষর করা থাকে, এনক্রিপ্টেড থাকে, ট্যাম্পার যোগ্য না হয় এবং তথ্য প্রযুক্তি আইন (IT) 2000-এর বিধান মেনে হয়। ECN যদি অ্যাটাচমেন্ট হিসেবে ইমেল মারফত পাঠানো হয়, তাহলেও অ্যাটাচ করা সেই ফাইলটি ডিজিটাল স্বাক্ষর দ্বারা সুরক্ষিত, এনক্রিপ্টডেড হতে হবে এবং ট্যাম্পারযোগ্য হবে না।

39. স্টক ব্রোকারের বাউন্সড মেল নোটিফিকেশনের নন-রিসিপ্ট নোট করবেন ক্লায়েন্ট, কারণ এর ফলে কন্ট্রাক্ট নোট ক্লায়েন্টের ইমেল ID-তে যাবে।

40. স্টক ব্রোকার ইমেল অ্যাকনলেজমেন্ট এবং ECN-এর একটা সফ্ট ও ট্যাম্পারযোগ্য নয় এমন কপি রেখে দেবেন, সময়ে সময়ে SEBI/স্টক এক্সচেঞ্জের জারি করা বিদ্যমান নিয়ম/ বিধি / বিজ্ঞপ্তি / নির্দেশিকা অনুযায়ী এবং তথ্য প্রযুক্তি আইন (IT) 2000-র আওতায় এক্সচেঞ্জ এই সংরক্ষণের উপায় নির্ধারণ করে দেয়। ডেলিভারি প্রমাণপত্র যেমন কন্ট্রাক্ট নোট পাঠানোর সময় সিস্টেমে তৈরি হওয়া লগ রিপোর্ট স্টক ব্রোকার SEBI/স্টক এক্সচেঞ্জের বিদ্যমান বিধির আওতায় নির্ধারিত সময় পর্যন্ত সংরক্ষণ করবেন। ক্লায়েন্টের ইমেলে ডেলিভারি হয়নি বা ফিরে আসা কন্ট্রাক্ট নোটের সেইসব বিস্তারিত বিবরণ লগ রিপোর্টে থাকবে। স্টক ব্রোকার সবসময়েই ফিরে আসা মেলের নোটিফিকেশন পেয়েই নির্ধারিত সময়ের মধ্যে নোটিফিকেশন পাঠানোর ব্যাপারে SEBI/স্টক এক্সচেঞ্জের বিদ্যমান বিধি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে যাবতীয় সম্ভাব্য পদক্ষেপ নেবেন।

41. যে ক্লায়েন্টরা ইলেক্ট্রনিক ফর্মে কন্টাক্ট নোট পাওয়ার কথা মনোনয়ন করেননি, সেই ধরনের ক্লায়েন্টদের বাস্তব পদ্ধতিতে কন্ট্রাক্ট নোট পাঠিয়ে যাবেন স্টক ব্রোকার। যেখানে ECNs ক্লায়েন্টের কাছে পৌঁছাবে না অথবা ক্লায়েন্টের ইমেল ID থেকে প্রত্যাখাত হয়েছে (মেল বাউন্স) সেক্ষেত্রে স্টক ব্রোকার ক্লায়েন্টকে SEBI/স্টক এক্সচেঞ্জের বিদ্যমান বিধি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বাস্তব কন্ট্রাক্ট নোট পাঠাবেন এবং এই ধরনের বাস্তব কন্ট্রাক্ট নোট ডেলিভারির প্রমাণপত্র সংরক্ষণ করবেন।

42. ক্লায়েন্টকে ECNs গুলির মাধ্যমে ইমেল নোটিফিকেশনের পাশাপাশি স্টক ব্রোকারের যদি কোনো মনোনীত ওয়েবসাইট থাকে, তাহলে সেখানেও তিনি একইসঙ্গে ECN গুলি পাবলিশ করবেন একটা সুরক্ষিত পদ্ধতিতে এবং ক্লায়েন্টকে তাঁর প্রাসঙ্গিক অ্যাক্সেস করতে দেবেন এবং এই উদ্দেশ্যে একটা অভিন্ন ইউজার নেম ও পাসওয়ার্ড ক্লায়েন্টকে দেওয়া হবে যাতে ক্লায়েন্ট ইলেক্ট্রনিকালি কন্ট্রাক্ট নোটটা সেভ করতে পারেন এবং সেটার প্রিন্ট আউট নিতে পারেন।

## আইন ও আইনগত অধিকার

43. এই নথিতে নির্ধারিত নির্দিষ্ট অধিকার ছাড়াও স্টক ব্রোকার, সাব-ব্রোকার ও ক্লায়েন্ট অন্য আরো কিছু প্রয়োগ করতে অধিকারী হবেন যেগুলি এক্সচেঞ্জের নিয়ম, নিজস্ব আইন ও বিধির অধীনে তাঁরা পেতে পারেন যেখানে SEBI-র নিয়ম ও বিধির আওতায় ক্লায়েন্ট ট্রেডিং বাছেন ও সার্কুলার বা নোটিস জারি করেন।

44. এই নথির শর্তগুলি সবসময়েই প্রতিপালিত হয় সরকারী বিজ্ঞপ্তি, কোন বিধি, প্রবিধান, নির্দেশিকা SEBI-র জারি করা বিজ্ঞপ্তি/নোটিস, প্রাসঙ্গিক স্টক এক্সচেঞ্জ, যেখানে বাণিজ্য হয়েছে সেখানকার নিজস্ব আইন ও বিধি দ্বারা, যা সময়ে সময়ে বলবৎ হতে পারে।

45. আরবিট্রেশন অ্যান্ড কনসিলিয়েশন অ্যাক্ট 1996-এর অধীনে আরবিট্রেটারের দেওয়া কোনো রায় মেনে চলতে হবে স্টক ব্রোকার ও ক্লায়েন্টকে। যদিও, আরবিট্রেশন রায়ে কোনো পক্ষ সন্তুষ্ট না হলেও স্টক এক্সচেঞ্জের মধ্যে আবেদন জানানোর কোনো সুযোগ নেই।

46. এই নথিতে ব্যবহৃত শব্দ ও অভিব্যক্তি, যেগুলির এখানে সংজ্ঞা দেওয়া হয়নি, যদি না পরিপ্রেক্ষিতে অন্য রকম প্রয়োজন না হয়, সেগুলির একই অর্থ হবে যা এক্সচেঞ্জ/SEBI-র আওতায় জারি করা বিজ্ঞপ্তি/নোটিস,নিজস্ব আইন ও বিধি অনুযায়ী হয়ে থাকে।

47. স্টক ব্রোকার দ্বারা যুক্ত করা অতিরিক্ত সমস্ত স্বেচ্ছাসেবী ক্লজ/নথি স্টক এক্সচেঞ্জ/SEBI-র নিয়ম/আইন/নোটিস/বিজ্ঞপ্তিকে লঙ্ঘন করা উচিত নয়। এই ধরনের স্বেচ্ছাসেবী ক্লজ/নথি স্বেচ্ছাসেবী ক্লজ/নথিগুলির কোনোরকম পরিবর্তন করতে হলে 15 দিন আগে একটা নোটিস দেওয়া প্রয়োজন। এক্সচেঞ্জ/SEBI-র নির্ধারিত অধিকার ও দায়বদ্ধতায় কোনো পরিবর্তন করতে হলে তাও ক্লায়েন্টের নজরে আনতে হবে।

48. SEBI-র নিয়ম ও বিধি অথবা যেখানে ট্রেডিং হচ্ছে সেখানকার নিয়ম, নিজস্ব আইন ও বিধিতে গুণগত পরিবর্তনের জন্য কোনো পক্ষের অধিকার ও দায়বদ্ধতা, প্রভাব পড়লে এই ধরনের পরিবর্তনগুলিকে নথিতে উল্লেখিত পক্ষগুলির অধিকার ও দায়িত্ব পরিবর্ধনের মধ্যে এখানে অন্তর্ভুক্ত হয়েছে বলে গণ্য হবে।

**ক্লায়েন্টকে স্টক ব্রোকাররা ইন্টারনেট ও বেতার প্রযুক্তি ভিত্তিক ট্রেডিং সুবিধা জুগিয়ে থাকেন (*'অধিকার ও দায়বদ্ধতা'* নথি(গুলি)তে উল্লেখিত সমস্ত ক্লজগুলিই প্রযোজ্য হবে। একইসঙ্গে, এখানে উল্লেখিত ক্লজগুলিও প্রযোজ্য হবে।)**

1. স্টক ব্রোকাররা ইন্টারনেট ভিত্তিক ট্রেডিং (IBT) ও বেতার প্রযুক্তির মাধ্যমে অর্থপত্র ট্রেডিং প্রদানের যোগ্য, যা করা হবে ইন্টারনেট প্রোটোকল (IP) ব্যবহার করা সম্ভব এমন মোবাইল ফোন, ডেটা কার্ড সহ ল্যাপটপের মতো যন্ত্র ব্যবহার করে। সময়ে সময়ে SEBI ও স্টক এক্সচেঞ্জ নির্ধারিত বেতার প্রযুক্তি ব্যবহার করে ইন্টারনেট ভিত্তিক ট্রেডিং বা অর্থপত্র ট্রেডিংয়ের জন্য প্রযোজ্য সমস্ত চাহিদা স্টক ব্রোকার পূরণ করবেন।

2. অর্থপত্রে বিনিয়োগ/বাণিজ্য করতে অভিলাষী ক্লায়েন্ট এবং এর জন্য ক্লায়েন্ট ইচ্ছুক হতে পারেন হয় ইন্টারনেট ভিত্তিক ট্রেডিং সুবিধা কিংবা বেতার প্রযুক্তির মাধ্যমে অর্থপত্র ট্রেডিংয়ের সুবিধা ব্যবহার করে। স্টক ব্রোকার ক্লায়েন্টকে স্টক ব্রোকারের IBT পরিষেবা দেবেন, এবং ক্লায়েন্টও স্টক ব্রোকারের IBT পরিষেবার সদ্ব্যবহার করবেন। SEBI/এক্সচেঞ্জের শর্ত এবং স্টক ব্রোকারের IBT ওয়েবসাইটে নির্ধারিত শর্তাবলী অনুযায়ী যেগুলি এক্সচেঞ্জ/SEBI দ্বারা নির্ধারিত নিয়মের সঙ্গে সঙ্গতিপূর্ণ হয়।

3. বেতার প্রযুক্তি/ইন্টারনেট/স্মার্ট অর্ডার রাউটিং বা অন্য কোনো প্রযুক্তির মাধ্যমে অর্থপত্র ট্রেডিংয়ের সঙ্গে সংশ্লিষ্ট বৈশিষ্ট্য, ঝুঁকি, বাধ্যবাধকতা ও দায়বদ্ধতাগুলি ক্লায়েন্টের নজরে আনবেন স্টক ব্রোকার।

4. স্টক ব্রোকার ক্লায়েন্টকে এ ব্যাপারেও সচেতন করবেন যে স্টক ব্রোকারের IBT সিস্টেমেই একটা প্রারম্ভিক পাসওয়ার্ড তৈরী হয় এবং এই পাসওয়ার্ড নীতি এক্সচেঞ্জ/SEBI নির্ধারিত নিয়মের সঙ্গে সঙ্গতিপূর্ণ হয়।

5. ইউজার নেম ও পাসওয়ার্ড গোপন ও নিরাপদ রাখার দায়িত্ব ক্লায়েন্টেরই এবং ক্লায়েন্টের ইউজার নেম ও পাসওয়ার্ড ব্যবহার করে স্টক ব্রোকারের IBT সিস্টেম ব্যবহারের মাধ্যমে অনুমোদিত বা অনুমোদিত নয় এমন কোনো ব্যক্তির করা সমস্ত অর্ডার ও লেনদেনের জন্য ক্লায়েন্টই পুরোপুরি দায়ী থাকবেন। অথেনটিকেশন বা প্রমাণীকরণ প্রযুক্তি সম্পর্কেও সচেতন থাকতে হবে ক্লায়েন্টকে এবং ইন্টারনেট ট্রেডিং বা বেতার প্রযুক্তির মাধ্যমে ও অর্ডার রাউটেড ব্যবস্থা দিয়ে অর্থপত্রের ট্রেডিংয়ের জন্য কড়া নিরাপত্তা ব্যবস্থার প্রয়োজন এবং এও নিশ্চিত করতে হবে যে ক্লায়েন্ট এবং বা তাঁর অনুমোদিত প্রতিনিধি ছাড়া স্টক ব্রোকারের কর্মচারী ও ডিলারসহ তৃতীয় কোনো পক্ষকে ইউজার নেম পাসওয়ার্ড জানানো হবে না।

6. ক্লায়েন্ট যদি তাঁর পাসওয়ার্ড ভুলে যান, স্টক ব্রোকারের IBT সিস্টেমে নিরাপত্তা সংক্রান্ত কোনো ফাঁক নজর করলে, কোনো গোলোযোগ দেখলে বা তাঁর ইউজার নেম/পাসওয়ার্ড/অ্যাকাউন্টের মাধ্যমে কোনো অননুমোদিত অ্যাক্সেস সন্দেহ করলে, এই ধরনের অননুমোদিত ব্যবহার, তারিখ, পদ্ধতি এবং এই ধরনের অননুমোদিত ব্যবহারের ফলে প্রভাবিত লেনদেন প্রভৃতি সম্পর্কে পূর্ণাঙ্গ বিস্তারিত উল্লেখ করে সঙ্গে সঙ্গেই স্টক ব্রোকারকে লিখিতভাবে জানাবেন।

7. ইন্টারনেটের মাধ্যমে বা বেতার প্রযুক্তির মাধ্যমে অর্থপত্র ট্রেডিংয়ের রাউটিং অর্ডার পরিষেবার সুযোগ নেওয়ার সঙ্গে সংশ্লিষ্ট ঝুঁকিগুলির ব্যাপারে ক্লায়েন্ট সচেতন হবেন এবং সেগুলি বুঝবেন এবং যে কোনোভাবেই হোক ক্লায়েন্টের ইউজার নেম/পাসওয়ার্ড ব্যবহার করে সমস্ত কাজের বাধ্যতা ও দায়িত্ব পুরোপুরিই ক্লায়েন্টের উপর বর্তাবে।

8. ক্লায়েন্টের অনুরোধ মতো স্টক ব্রোকার অর্ডার/ট্রেডের কনফার্মেশন ইমেল মারফত তাঁকে পাঠিয়ে দেবেন। ক্লায়েন্ট এব্যাপারে সচেতন যে অর্ডার ট্রেডের কনফার্মেশন ওয়েব পোর্টালেও প্রদান করা হয়। ক্লায়েন্ট যদি বেতার প্রযুক্তি ব্যবহার করে ট্রেডিং করে থাকেন তবে স্টক ব্রোকার ক্লায়েন্টের সেই যন্ত্রেই অর্ডার/ট্রেডের কনফার্মেশন পাঠাবেন।

9. ইন্টারনেটে ট্রেডিংয়ের ক্ষেত্রে অনেক রকম অনিশ্চিত বিষয় ও জটিলতা আসতে পারে সেব্যাপারে সচেতন হবেন ক্লায়েন্ট, যেমন হার্ডওয়ার, সফ্টওয়্যার, সিস্টেম, কমিউনিকেশন লাইন, পারিপার্শ্বিক প্রভৃতি সংক্রান্ত জটিলতা যা বাধা ও বিপত্তি ঘটাতে সমর্থ। স্টক ব্রোকার ও স্টক এক্সচেঞ্জ এমন কোনো দাবি করে না বা ওয়ারেন্টি দেয় না যে স্টক ব্রোকারের IBT পরিষেবা ক্লায়েন্টের কাছে কোনো ব্যাঘাত ছাড়াই সর্বক্ষণ পৌঁছে দেওয়া হবে।

10. স্টক ব্রোকার/এক্সচেঞ্জের নিয়ন্ত্রণের বাইরে থাকা কোনো কারণে ক্লায়েন্ট/স্টক ব্রোকার/এক্সচেঞ্জের দিকে কোনো লিঙ্ক/সিস্টেম ব্যাঘাতের কারণে কোনো ধরনের সাসপেনশন, ইন্টারাপশন, স্টক ব্রোকারের IBT সিস্টেম বা এক্সচেঞ্জ পরিষেবার সুযোগ না পাওয়া বা গন্ডগোল অথবা তাঁর অর্ডার নন-এক্সিকিউশনের জন্য এক্সচেঞ্জ বা স্টক-ব্রোকারের কাছ থেকে ক্লায়েন্ট কোনো ক্লেইমই করতে পারবেন না।

## অ্যানেক্সার – 5

## ক্যাপিটাল মার্কেট ও ডেরিভেটিভ অংশের ঝুঁকি প্রকাশের দলিল

এই দলিলে স্টক এক্সচেঞ্জের ইকুইটি/ডেরিভেটিভ সংক্রান্ত ব্যবসার জন্য দরকারী তথ্যাদি রয়েছে। এক্সচেঞ্জের ইকুইটি/ডেরিভেটিভ সংক্রান্ত ব্যবসার আগে সব ভাবী কনস্টিউয়েন্টদের এই দলিল পড়া উচিত।

স্টক এক্সচেঞ্জ/SEBI একা বা যৌথভাবে ও প্রকাশ্যে বা ইঙ্গিতে এই ডিসক্লোজার ডকুমেন্টের সম্পূর্ণতা, পর্যাপ্ততা বা নির্ভুলতা সম্বন্ধে কোন গ্যারান্টি বা বর্ণনা দেয় না বা ব্যবসা সংক্রান্ত অংশে অংশগ্রহণের যোগ্যতা স্টক এক্সচেঞ্জ/SEBI এনডোর্স করে না বা অনুমোদন করে না। এই সংক্ষিপ্ত বিবৃতিটি সব ঝুঁকি বা ব্যবসার অন্যান্য তাৎপর্য্যপূর্ণ দিকগুলি প্রকাশ করে না।

জড়িত ঝুঁকির আলোকে, একমাত্র সেই সবক্ষেত্রে আপনার সেই লেনদেনের মধ্যে প্রবেশ করা উচিত যখন আপনি বিষয়টাকে ভালো করে বুঝে নিয়ে সেখানে ঝুঁকির বিষয়গুলি সম্পর্কে অবগত থাকবেন।

ঝুঁকির দিক থেকে দেখতে গেলে আপনার ব্যবসা চালানো উচিত হবে তখনই যদি আপনি যে রিলেশনশিপে ঢুকতে চলেছেন ও আপনার ঝুঁকির বিস্তার কতটা তা বোঝেন। আপনাকে জানতে হবে ও নির্ধারণ করতে হবে যে ইকুইটি শেয়ারে ব্যবসা, ডেরিভেটিভ কন্ট্রাক্ট ও স্টক এক্সচেঞ্জে ব্যবহৃত ইন্সট্রুমেন্টের বিভিন্ন প্রকার ঝুঁকি আছে যা, যাদের ব্যবসার অভিজ্ঞতা কম ও ঝুঁকি নেওয়ার ক্ষমতা কম, তাদের পক্ষে সঠিক পথ নয়। তাই আপনাকে সতর্কতার সঙ্গে বিবেচনা করতে হবে এরূপ ব্যবসা আপনার আর্থিক দিক থেকে উপযুক্ত কিনা। যদি আপনি স্টক এক্সচেঞ্জে ব্যবসা করেন ও তার ফল যদি খারাপ হয় বা আপনার ক্ষতি হয়, তবে তার জন্য আপনি সম্পূর্ণভাবে দায়ী থাকবেন ও স্টক এক্সচেঞ্জ/এর ক্লিয়ারিং কর্পোরেশন এবং/অথবা SEBI, যাই হোক না কেন, কোনভাবেই দায়ী হবে না বা আপনি এমন কোন অজুহাত দিতে পারবেন না যে ঝুঁকির ব্যাপারে সবকিছু প্রকাশ করা হয় নি বা সংশ্লিষ্ট স্টক ব্রোকার সম্পূর্ণ ঝুঁকির ব্যাপারে আপনাকে সবকিছু ব্যাখ্যা করে নি। ফলাফলের বিষয়ে কন্সটিটিউয়েন্ট সম্পূর্ণভাবে দায়ী থাকবে ও এই কারণে কোন কন্ট্রাক্ট বাতিল করা হবে না। আপনাকে স্বীকার করতে হবে ও মেনে নিতে হবে মুনাফার কোন গ্যারান্টি নেই অথবা অর্ডার কার্যকরী করার সময় এবং/অথবা স্টক এক্সচেঞ্জ ডেরিভেটিভ কন্ট্রাক্ট বিক্রী করার সময় কোন ক্ষতি হলে তা থেকে রেহাই পাওয়া যাবে না।

এটা আপনাকে পরিষ্কারভাবে বুঝতে হবে যে স্টক ব্রোকারের মাধ্যমে স্টক এক্সচেঞ্জে আপনার ব্যবসা স্টক ব্রোকারের দ্বারা নির্দিষ্ট করা কিছু নিয়মকানুন শর্তাধীন, তার মধ্যে রয়েছে আপনি যে ক্লায়েন্ট ফর্ম পূরণ করেছেন তার ব্যাপারে আপনি ভালোভাবে জানেন, অধিকার ও কর্তব্য, কোনগুলি করণীয় ও কোনগুলি করণীয় নয় প্রভৃতির ব্যাপারে পড়েছেন ও এগুলি সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের রূপ, বাই-ল এবং রেগুলেশনের শর্তাধীন থাকবে, এটির ক্লিয়ারিং কর্পোরেশন, SEBI-র দ্বারা প্রস্তাবিত গাইডলাইন সময়ে সময়ে বলবৎ থাকবে, স্টক এক্সচেঞ্জ ও এটির ক্লিয়ারিং কর্পোরেশন দ্বারা বিজ্ঞপ্তি প্রকাশিত হতে পারে ও মাঝে মাঝে বলবৎ থাকবে।

স্টক এক্সচেঞ্জ কোন উপদেশ দেয় না বা এমন কিছু করে না যাতে উপদেশ দেওয়ার অর্থ বোঝায় এবং কোন লোক যদি স্টক এক্সচেঞ্জের কোন স্টক ব্রোকারের সঙ্গে ব্যবসার সম্পর্কে প্রবেশ করে এবং/বা কোন থার্ড পার্টি ভিত্তিক কোন তথ্য এই দলিলে থাকে তবে তার জন্য স্টক এক্সচেঞ্জ দায়ী থাকবে না। এই দলিলের কোন তথ্যই ব্যবসার উপদেশ হিসাবে গণ্য হবে না। এই ধরণের ব্যবসায় যে ধরণের ঝুঁকি জড়িয়ে আছে সেগুলি খুব ভালোভাবে বোঝা ও আলোচনা ছাড়া ব্যবসার কথা বিবেচনা করা উচিত নয়। যদি আপনি নিশ্চিত না হতে পারেন তবে আপনাকে পেশাগত উপদেশ নিতেই হবে।

আপনার জন্য অন্য কাউকে ব্যবসা করতে দেওয়া যায় কিনা অথবা ক্ষমতাপ্রদান করা যায় কিনা সেটা বিবেচনা করতে হলে, আপনাকে নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে সচেতন হতে হবে:-

**1. মূল ঝুঁকিগুলি:**

**1.1 উচ্চ পরিবর্তনশীলতার ঝুঁকি:**
একটি সিকিউরিটি বা ডেরিভেটিভ কন্ট্রাক্টে ভোলাটিলিটি বলতে একটি সিকিউরিটি বা ডেরিভেটিভ কন্ট্রাক্টে দামের গতির যে পরিবর্তন হতে পারে তাকেই বোঝানো হয়েছে, যখন স্টক এক্সচেঞ্জে ব্যবসায়িক কার্যকলাপ চলতে থাকে। সাধারণভাবে একটি সিকিউরিটি বা ডেরিভেটিভ কন্ট্রাক্টের ভোলাটিলিটি যত বেশী হয়, দামের পরিবর্তনও তত বেশী হয়। অ্যাক্টিভ সিকিউরিটি বা ডেরিভেটিভ কন্ট্রাক্টের থেকে স্বাভাবিকভাবেই যেসব সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্ট কম ব্যবসায়িক কাজে ব্যবহৃত হয় সেগুলির ভোলাটিলিটি বেশী হয়। ভোলাটিলিটির ফলে আপনার অর্ডার আংশিকভাবে কার্যকরী হতে পারে অথবা আদৌ কার্যকরী নাও হতে পারে, বা যে দামে আপনার অর্ডার কার্যকরী হবে সেটি শেষ ব্যবসায়িক দাম থেকে অনেক বেশী আলাদা বা অনেক বেশী পরিবর্তিত হতে পারে যার ফল হল জাতীয় বা আসল ক্ষতি।

**1.2 কম লিকুইডিটির ঝুঁকি:**
লিকুইডিটি বলতে বাজারে অংশগ্রহণকারীদের কমপিটিটিভ দামে ও সবচেয়ে কম দামের পার্থক্যে সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্ট কেনা এবং/বা বেচার ক্ষমতা। সাধারণত, মনে করা হয় যে বাজারে লভ্য অর্ডারের সংখ্যা যত বেশী হবে লিকুইডিটি তত বেশী হবে। লিকুইডিটি গুরুত্বপূর্ণ, কারণ লিকুইডিটি বেশী হলে বিনিয়োগকারীর পক্ষে দ্রুত ও সবচেয়ে কম দামের পার্থক্যে সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্ট কেনা এবং/বা বেচা সহজতর হবে। ফলে বিনিয়োগকারীরা ক্রীত বা বিক্রীত সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্টের জন্য কমপিটিটিভ দাম দেবে বা গ্রহণ করবে। অ্যাক্টিভ সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্টের সঙ্গে তুলনা করলে কিছু সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্টের কম লিকুইডিটি থাকার ঝুঁকি থাকতে পারে। ফলে, আপনার অর্ডার আংশিকভাবে কার্যকরী হতে পারে অথবা বেশী দামের পার্থক্যে আদৌ কার্যকরী নাও হতে পারে।

**1.2.1** দিনের ব্যবসায়িক নীতির অংশ অনুযায়ী সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্ট কেনা বা বেঁচার ফলে ক্ষতি হতে পারে, কারণ এমন পরিস্থিতিতে সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্ট কেনা/বেঁচা প্রত্যাশিত দামের তুলনায় কম/বেশী দামে হতে পারে, সুতরাং একটি সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্টের ডেলিভার বা রিসিভ করার কোন ওপেন পজিসন বা বাধ্যতা নেই।

**1.3 ওয়াইডার স্প্রেডের ঝুঁকি:**
স্প্রেড বলতে বোঝায় সর্বোৎকৃষ্ট ক্রয় ও সর্বোৎকৃষ্ট বিক্রয়ের দামের মধ্যে পার্থক্য। এটা একটি সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্ট ক্রয় ও তৎক্ষণাৎ সেটি বিক্রয় করা বা তার বিপরীত পদ্ধতির ফলে যে পার্থক্য হয় তা বোঝায়। কম লিকুইড বা লিকুইডিটিহীন সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্টের জন্য কম লিকুইডিটি ও বেশী ভোলাটিলিটি থাকার ফলে স্বাভাবিকের চেয়ে বেশী বিস্তৃত হতে পারে। এটি পরে উৎকৃষ্টতর দাম গঠনে বাধা দেবে।

**1.4 ঝুঁকি – অর্ডার কমানো:**
প্লেস করা অর্ডার (উদাহরণস্বরূপ "স্টপ লস" বা "লিমিট" অর্ডার) যেগুলির উদ্দেশ্য থাকে ক্ষতি কিছু নির্দিষ্ট পরিমাণে সীমিত করা, সেগুলি কার্যকর নাও হতে পারে কারণ বাজার অবস্থায় দ্রুত ওঠানামা এরূপ অর্ডার কার্যকর করা অসম্ভব করে তুলতে পারে।

**1.4.1** একটি 'মার্কেট" অর্ডার দ্রুত কার্যকর হবে, বিপরীত দিকে অর্ডারের লভ্যতার উপর নির্ভর করে, দামের প্রসঙ্গ ছাড়াই, যখন গ্রাহক একটি 'মার্কেট' অর্ডারের দ্রুত কার্যকারিতা পান, তখন সেটি আউটস্ট্যান্ডিং অর্ডারের লভ্য দামে হতে পারে, যেটি অর্ডারের পরিমাণকে পরিতুষ্ট করে, দাম, সময় অগ্রাধিকার পায়। এটা বোঝা যেতে পারে যে এই দাম গত বানিজ্য মূল্য বা যে নিরাপত্তা/ডেরাইভেটিভস কন্ট্রাক্টের ভালো মূল্য থেকে উল্লেখযোগ্যভাবে ভিন্ন হতে পারে।

**1.4.2** "লিমিট" অর্ডার দ্রুত কার্যকর হবে কেবলমাত্র অর্ডারের জন্য নির্দিষ্ট "লিমিট" দামে যা বা উৎকৃষ্টতর দামে। যাই হোক, গ্রাহক যখন দামের সুরক্ষা পায় তখন এমনও সম্ভব হতে পারে যে অর্ডার আদৌ কার্যকর হল না।

**1.4.3** একটি স্টপ লগ অর্ডার সাধারণত একটি স্টক/ডেরিভেটিভ কন্ট্রাক্টের বর্তমান দাম থেকে "দূরে" প্লেস করা হয় এবং এরূপ অর্ডার কার্যকর হয় যদি ও যখন স্টক/ডেরিভেটিভ কন্ট্রাক্ট পৌঁছয় বা স্টপ প্রাইসের মাধ্যমে ব্যবসা করে। স্টপ অর্ডার সেল প্রাইস বর্তমান প্রাইসের নীচেই এন্টার করানো হয় ও স্টপ অর্ডার বাই প্রাইস বর্তমান প্রাইসের উপরে এন্টার করানো হয়। যখন সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্ট পূর্ব নির্ধারিত দামে পৌঁছয় বা এরূপ দামে ব্যবসা করে স্টপ লগ অর্ডার তখন মার্কেট/লিমিট অর্ডারে পরিণত হয় ও লিমিটে বা আরো ভালো ভাবে কার্যকর হয়। এমন কোন নিশ্চয়তা নেই যে লিমিট অর্ডার কার্যকর হবে যেহেতু সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্ট পূর্ব নির্ধারিত দামকে পেনিট্রেট করতে পারে, সেক্ষেত্রে অর্ডার কার্যকর না হওয়ার ঝুঁকি ওঠে, যেমন রেগুলার লিমিট অর্ডারের সঙ্গে হয়।

**1.5 খবর ঘোষণার ঝুঁকি:**
খবর ঘোষণা যা সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্টের দাম প্রভাবিত করতে পারে ব্যবসার সময় ঘটতে পারে এবং কম লিকুইডিটি ও বেশী ভোলাটিলিটির সঙ্গে যুক্ত হয় তবে হঠাৎ সিকিউরিটি/কন্ট্রাক্টের দামে অপ্রত্যাশিতভাবে ইতিবাচক বা নেতিবাচক ওঠানামা ঘটাতে পারে।

**1.6 গুজবের ঝুঁকি:**
কোম্পানি/কারেন্সির ব্যাপারে গুজব মুখে মুখে, খবরের কাগজ, ওয়েবসাইট ও নিউজ এজেন্সির দ্বারা বাতাসে ভাসে। বিনিয়োগকারীদের সতর্ক থাকতে হবে ও গুজব অনুযায়ী কাজ করা থেকে বিরত থাকতে হবে।

**1.7 সিস্টেমের ঝুঁকি:**
খুব বেশী পরিমাণ ব্যবসা প্রায়ই বাজার খোলা ও বাজার বন্ধের আগে হতে পারে। এরকম বেশী পরিমাণ ব্যবসা দিনের যে কোন সময়ে হতে পারে। এগুলি অর্ডার কার্যকর করা বা কনফার্ম করাতে বিলম্ব ঘটাতে পারে।

**1.7.1** ভোলাটিলিটি পিরিয়ডে, বাজারে অংশগ্রহণকারীগণ ক্রমাগত তাদের অর্ডারের পরিমাণ বা দাম, ফ্রেশ অর্ডার প্লেস মডিফাই করতে পারেন, ফলে অর্ডার কার্যকর করা বা কনফার্ম করায় বিলম্ব হয়।

**1.7.2** কিছু নির্দিষ্ট মার্কেট কন্ডিশনে, মার্কেটে যুক্তিসংগত দামে একটি পজিশন লিকুইডেট করা খুব অসুবিধাজনক হয় বা আদৌ সম্ভব হয় না, যখন ক্রয় সাইড বা বিক্রয় সাইডে কোন আউটস্ট্যান্ডিং থাকে না অথবা সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্টে ব্যবসা যদি কোন অস্বাভাবিক ব্যবসায়িক কার্যকলাপে থমকে দাড়ায় মার্কেট ফিল্টারকে হিট করা বা অন্য কোন কারণে।

**1.8 সিস্টেম/নেটওয়ার্ক কনজেসন:**
এক্সচেঞ্জে স্যাটেলাইট/লীজ নেওয়া লাইন ভিত্তিক সংযোগের উপর ভিত্তি করে ইলেকট্রনিক মোডে ব্যবসা করা হয়, অর্ডার প্লেস ও রুট করার জন্য প্রযুক্তি ও কম্পিউটারের সমন্বয় করা হয়। সুতরাং, সংযোগ ফেল করা বা সিস্টেমে সমস্যা বা সিস্টেম থেকে ধীর বা বিলম্বিত সাড়া বা ব্যবসা থমকে দাঁড়ানোর সম্ভাবনা থাকলে বা যে কোন সমস্যা/ত্রুটির ক্ষেত্রে যেখানে ব্যবসায়িক সিস্টেম/নেটওয়ার্কে অ্যাকসেস প্রতিষ্ঠিত করা যায় না, যেটা নিয়ন্ত্রণের বাইরে ও প্রসেসিং-এ বিলম্ব ঘটাতে পারে বা ক্রয়-বিক্রয়ের অর্ডার আংশিক বা পুরোপুরি প্রসেস করা নাও যেতে পারে। আপনাকে নোট করবার জন্য সতর্ক করা হচ্ছে যে যদিও এই সমস্যাগুলি সাময়িক প্রকৃতির কিন্তু যখন আপনার আউটস্ট্যান্ডিং ওপেন পজিসন বা কার্যকর না করা অর্ডার রয়েছে, এগুলি ঝুঁকিকেই নির্দেশ করে কারণ আপনার সব কাজ সঠিকভাবে করাটা বাধ্যতামূলক।

**2. যতদূর পর্যন্ত ডেরিভেটিভ সেগমেন্ট সংশ্লিষ্ট রয়েছে, অনুগ্রহ করে ততখানি নোট করুন ও নিম্নের অতিরিক্ত বৈশিষ্ট্যগুলির সঙ্গে পরিচিত হোন:-**

**2.1 "লিভারেজ" বা "গিয়ারিং"-এর প্রভাব:**
ডেরিভেটিভ মার্কেটে, ডেরিভেটিভ কন্ট্রাক্টের ভ্যালুর তুলনায় মার্জিনের পরিমাণ কম, সুতরা কাজকর্ম 'লিভারেজড' বা 'গিয়ারড' হয়। ডেরিভেটিভ ট্রেডিং যা তুলনামূলকভাবে কম পরিমাণ মার্জিন দিয়ে পরিচালিত হয়, মার্জিনের পরিমাণের তুলনায় খুব বেশী বা লাভ বা ক্ষতির সম্ভাবনা তুলে ধরে। কিন্তু ডেরিভেটিভ কাজকারবার খুব বেশী মাত্রায় ঝুঁকি বহন করে।

সুতরাং ডেরিভেটিভ নিয়ে ব্যবসা করার আগে আপনার নীচের বিবৃতিগুলি সম্পূর্ণভাবে বুঝতে হবে,নিজের অবস্থা, আর্থিক সম্পদ ইত্যাদি হিসাব করে ব্যবসা করতে হবে। দাম যদি আপনার বিরুদ্ধে যায়, তাহলে তুলনামূলকভাবে কম সময়ের মধ্যে আপনি পুরো মার্জিনের পরিমাণের একটা অংশ বা সম্পূর্ণ অংশ হারাতে পারেন। অধিকন্তু, ক্ষতি আসল মার্জিনের পরিমাণকে ছাপিয়ে যেতে পারে।

A. ফিউচারস ট্রেডিং সব অবস্থার দৈনন্দিন সেটলমেন্টকে বোঝায়। প্রতিদিন সূচক/ডেরিভেটিভ কন্ট্রাক্টের উপর ভিত্তি করে বাজারে ওপেন পজিসন মার্ক করা হয়। কন্ট্রাক্ট যদি আপনার বিরুদ্ধে যায়, তবে এই ধরণের ওঠানামা জনিত আপনার ক্ষতির পরিমাণ (নোশনাল) জমা দেওয়ার প্রয়োজন হবে। নির্দিষ্ট সময়ের মধ্যেই আপনাকে এই টাকা মিটিয়ে দিতে হবে, সাধারণত, পরের দিন ব্যবসা শুরু হওয়ার আগে।

B. যদি আপনি অতিরিক্ত টাকা ডেডলাইনের মধ্যে জমা দিতে ব্যর্থ হন বা যদি আপনার একাউন্টে কোন বাকি ধার থাকে, তবে স্টক ব্রোকার সম্পূর্ণ পজিসন বা পরিবর্তন সিকিউরিটি লিকুইডিটি করতে পারে। এক্ষেত্রে, এরূপ ক্লোজআউটের জন্য যা ক্ষতি হবে তার জন্য আপনি দায়ী থাকবেন।

C. বাজারের এমন অবস্থায়, বিনিয়োগকারীর কাজকারবার চালানো অসুবিধাজনক বা অসম্ভব মনে করতে পারে। উদাহরণস্বরূপ, কিছু বিষয়ের জন্য এই অবস্থার সৃষ্টি হয় যেমন ইললিকুইডিটি অর্থাৎ যখন অপর্যাপ্ত বিড বা অফার থাকে বা প্রাইস লিমিট বা সার্কিট ব্রেকারের জন্য ব্যবসা স্থগিত থাকে।

D. বাজারে স্থিরতা বজায় রাখার জন্য, নিম্নলিখিত ধাপগুলি গ্রহণ করা যেতে পারে, মার্জিন রেটের পরিবর্তন, ক্যাশ মার্জিন রেট বৃদ্ধি বা অন্যান্য। এই নতুন পদ্ধতিগুলি বর্তমান ওপেন ইন্টারেস্টের উপর প্রয়োগ করা যেতে পারে। এরূপ অবস্থায়, আপনার অতিরিক্ত মার্জিন রাখার প্রয়োজন হবে বা আপনার পজিসন কমাতে হবে।

E. জানাতে হবে আপনি ব্যবসা করার পরিকল্পনা করেছেন যে ডেরিভেটিভ কন্ট্রাক্ট নিয়ে সেগুলির বিস্তারিত বিবরণ আপনাকে দিতে আপনার ব্রোকারকে অবশ্যই বলবেন, অর্থাৎ কন্ট্রাক্টের বিশদ বিবরণ ও তার সঙ্গে যুক্ত বাধ্যবাধকতা।

**2.2 কারেন্সি নির্দিষ্ট ঝুঁকি:**
1. বিদেশী কারেন্সি মূল্যের কনট্রাক্টের কাজে লাভ বা ক্ষতি, আপনার নিজের বা অন্যের বৈধ কর্তৃত্বে ব্যবসা করাই হোক না কেন, কারেন্সি রেটের হ্রাস-বৃদ্ধির দ্বারা প্রভাবিক হবে যখন কনট্রাক্টের কারেন্সি মূল্য অন্য কারেন্সিতে পরিবর্তন করার প্রয়োজনীয়তা আছে।

2. বাজারের কিছু নির্দিষ্ট অবস্থায়, আপনার কাছে একটি পজিসন লিকুইডেট করা অসুবিধাজনক বা অসম্ভব হতে পারে। এটি হতে পারে যখন কারেন্সি ডিরেগুলেট করা হয় বা ফিক্সড ট্রেডিং ব্যান্ড বিস্তৃত করা হয়।

3. কারেন্সির দাম খুবই পরিবর্তনশীল। কারেন্সির জন্য দামের ওঠাপড়া প্রভাবিত হয়, অন্য অনেক কিছুর মধ্যেও, যোগান চাহিদার সম্বন্ধ, বাণিজ্য, রাজস্ব সম্বন্ধীয়, আর্থিক, এক্সচেঞ্জ নিয়ন্ত্রণ প্রোগ্রাম, সরকারের নীতি,

বৈদেশিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ঘটনা ও নীতি, জাতীয় ও আন্তর্জাতিক সুদের হার ও মুদ্রাস্ফীতি ও বাজারের আবেগ। কোন একজন পরামর্শদাতার পক্ষে এই বিষয়গুলি নিয়ন্ত্রণ করা সম্ভব হয় না ও কোন নিশ্চয়তা দেওয়া যায় না যে একজন পরামর্শদাতার পরামর্শের ফলে অংশগ্রহণকারী গ্রাহকের লাভজনক ব্যবসা হবে বা একজন গ্রাহকের এরূপ ঘটনা থেকে কোন ক্ষতি হবে না।

**2.3 অপশন হোল্ডারদের ঝুঁকি:**

1. আপশন হোল্ডাররা তুলনামূলকভাবে স্বল্প সময়ে অপশনের জন্য শোধ করা পুরো টাকাটাই হারানোর ঝুঁকি বহন করে। এই ঝুঁকি একটি নষ্ট অ্যাসেট হিসাবে একটি অপশনের প্রকৃতি প্রতিফলিত করে যা মেয়াদের শেষে মূল্যহীন হয়ে যায়। একজন অপশন হোল্ডার যে সেকেন্ডারী মার্কেটে অপশন বিক্রী করে না বা মেয়াদ শেষের আগে এটিকে ব্যবহার করে না সে অপশনে নিশ্চিতভাবে সব বিনিয়োগ হারাবে। অপশনের মেয়াদ শেষের আগে যদি অনুমান করা দিকে না পরিবর্তিত হয়, এতটা যা অপশনের খরচ মেটোনোর পক্ষে যথেষ্ট, বিনিয়োগকারী সব বা তার বিনিয়োগের একটা তাৎপর্য্যপূর্ণ অংশ হারিয়ে ফেলতে পারে।

2. এক্সচেঞ্জ এক্সারসাইজের বাধা চাপিয়ে দিতে পারে, কিছু সময়ে বা কিছু নির্দিষ্ট অবস্থায় অপশনের এক্সারসাইজ নিয়ন্ত্রণ করার চরম কর্তৃত্ব আছে।

**2.4 অপশন লেখকদের ঝুঁকি:**

1. অপশনের দাম যদি অনুমান করা দিকে না পরিবর্তিত হয়, তবে অপশন লেখক প্রচুর পরিমাণ হারানোর ঝুঁকি বহন করে।

2. একই সুদে অন্য অপশন কিনে বা সেই ভাবে অপশন মার্কেটে বা অন্যান্য মার্কেটে স্প্রেড পজিশন গ্রহণ করে বা অন্যান্য হেজিং পজিশন লাভ করে অপশন রাইটারদের ঝুঁকি কমানো যেতে পারে। যাই হোক, এমন কি যখন রাইটার একটি স্প্রেড বা হেডিং পজিশন গ্রহণ করেছে তখনও ঝুঁকি তাৎপর্য্যপূর্ণ। একটি স্প্রেড পজিশন সরল "লং" ও "শর্ট" পজিশনের চেয়ে কম ঝুঁকিপূর্ণ নয়।

3. সংক্ষিপ্ত অন্তর্নিহিত সুদের ক্রয় ও বিক্রয় সহ যে লেনদেনে এক বহুমুখী অপশনের ক্রয় ও রাইটিং সমণ্বয়, বা সমন্বয়ে ক্রয় বা রাইটিং জড়িত তা বিনিয়োগকারীর কাছে অতিরিক্ত ঝুঁকি উপস্থাপিত করতে পারে। কম্বিনেশন ট্র্যানজাকশন একচি সিঙ্গল অপশন কেনা বা রাইট করার থেকে অনেক বেশী জটিল। এবং এটা আরো বেশী করে নোট করা উচিত যে বিনিয়োগের যে কোন ক্ষেত্রে একটি জটিলতা ভালোভাবে বোঝা যায় না, সেটি হল রিস্ক ফ্যাক্টর। এটা পরামর্শ দেওয়া হচ্ছে না যে সমণ্বয় নীতি বিবেচনায় আনা উচিত নয়, এটি পরামর্শের যোগ্য, যেমন অপশনে সকল বিনিয়োগের ক্ষেত্রে, এমন একজনের সঙ্গে পরামর্শ করা উচিত যে অভিজ্ঞ ও বাজারের বিভিন্ন অবস্থায় ঝুঁকি ও সম্ভাব্যময় যৌথ লেনদেনের পুরস্কার সম্বন্ধে যার জ্ঞান রয়েছে।

**3. ওয়্যারলেস প্রযুক্তির মাধ্যমে ব্যবসা /স্মার্ক অর্ডার রুটিং বা অন্য প্রযুক্তি:**

যে কোন অতিরিক্ত প্রভিশন যা সংজ্ঞায়িত করে বৈশিষ্ট্য, ঝুঁকি, দায়িত্ব, বাধ্যবাধকতা, সিকিউরিটির সঙ্গে যুক্ত লায়াবিলিটি ওয়্যারলেস প্রযুক্তির মাধ্যমে ব্যবসা/স্মার্ক অর্ডার রুটিং বা অন্য প্রযুক্তি–স্টক ব্রোকারের উচিত এগুলি গ্রাহকের নজরে আনা।

**4. সাধারণ**

**4.1** কন্সটিটিউয়েন্ট শব্দটি বোঝায় ও ইনক্লুড করে একজন গ্রাহক, কাস্টমার বা একজন বিনিয়োগকারী যে এক্সচেঞ্জের প্রদত্ত মেকানিজমের মাধ্যমে সিকিউরিটি/ডেরিভেটিভ কন্ট্রাক্ট অর্জন করা বা বিক্রী করার উদ্দেশ্যে স্টক ব্রোকারের সঙ্গে ব্যবসা করে।

**4.2** স্টক ব্রোকার শব্দটি বোঝায় ও ইনক্লুড করে একজন স্টক ব্রোকার, একজন ব্রোকার বা একজন স্টক ব্রোকার যে এইভাবেই এক্সচেঞ্জ থেকে স্বীকৃতি পেয়েছে ও যার SEBI থেকে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট আছে।

## অ্যানেক্সার - 6

## গাইডেন্স নোট- বিনিয়োগকারীদের জন্য এক্সচেঞ্জে ব্যবসা করার ক্ষেত্রে কি করণীয় এবং করণীয় নয়

**ব্যবসা শুরু পূর্বে**

1. আপনি একমাত্র SEBI-র সাথে এবং SEBI-র দ্বারা নিবন্ধিকৃত মধ্যস্থতাকারীদের সাথে ব্যবসা করছেন বলে নিশ্চিত হন। স্টক এক্সচেঞ্জে www.exchange.com এবং SEBI ওয়েবসাইটে www.sebi.gov.in উপলব্ধ তালিকা থেকে আপনি তাদের SEBI-র রেজিস্ট্রেশন সার্টিফিকেট নম্বর পরীক্ষা করতে পারবেন।
2. আপনি KYC সম্পূর্ণভাবে পূরণ করেছেন কিনা নিশ্চিত হন এবং KYC ফর্মের খালী স্থানগুলি কেটে দিন।
3. আপনি স্টক ব্রোকারের সকল বাধ্যতামূলক ডকুমেন্ট যেমন অধিকার এবং বাধ্যবাধকতা, রিস্ক ডিসক্লোজার ডকুমেন্ট, পলিসি এন্ড প্রোসিডিওর ডকুমেন্টগুলি পড়েছেন বলে নিশ্চিত হন।
4. স্টক ব্রোকার এবং আপনার মধ্যে ঐচ্ছিক ধারাগুলি, যদি থাকে, আপনি সেগুলি পড়েছেন, বুঝেছেন এবং তারপর তাতে স্বাক্ষর করেছেন বলে নিশ্চিত হন। মনে রাখবেন যে আপনার এবং স্টক ব্রোকারের মধ্যে স্বাক্ষরিত ধারাগুলি আপনার সম্মতি ব্যতীরেকে বদল করা যাবে না।
5. ব্যবসার জন্য ব্রোকার দ্বারা আপনার ওপর আরোপিত সকল ব্রোকারেজ, কমিশন, ফীজ এবং অন্যান্য খরচ সম্পর্কে এবং প্রাসঙ্গিক উপায়/SEBI/স্টক এক্সচেঞ্জের নির্দেশনা সম্পর্কে পরিস্কার ধারণা নিন।
6. আপনার দ্বারা সঞ্চালিত সকল ডকুমেন্টের একটি কপি স্টক ব্রোকারের কাছ থেকে বিনামূল্যে সংগ্রহ করুন।
7. যদি আপনি স্টক ব্রোকারের পক্ষে পাওয়ার অফ অ্যাটর্নি (POA)-র জারি করতে চান, তাহলে আপনার ব্যাঙ্ক, ডিম্যাট অ্যাকাউন্টকে ক্ষমতাপ্রদান করুন, অনুগ্রহ করে SEBI/এক্সচেঞ্জ দ্বারা জারি করা নির্দেশিকাটি পড়ুন।

**লেনদেন এবং নিস্পত্তি**

8. আপনি লিখিত আকারে বিশেষভাবে অনুমোদন করলে স্টক ব্রোকার ইলেক্ট্রনিক কনট্যাক্ট নোটস (ECN) জারী করতে পারে। এই কাজের জন্য স্টক ব্রোকারকে আপনার ইমেল আইডি দিতে হবে। যদি আপনি কম্পিউটারে সড়গড় না হন তাহলে ECN-র সুবিধা নেবেন না।
9. আপনার ইন্টারনেট ট্রেডিং অ্যাকাউন্ট এবং পাসওয়ার্ড অপর কাউকে দেবেন না।
10. স্টক ব্রোকারকে নগদে কোনো পেমেন্ট করবেন না।
11. স্টক ব্রোকারকে অ্যাকাউন্ট পেয়ী চেক দ্বারা পেমেন্ট করুন। সাব-ব্রোকারের নামে চেক জারী করবেন না। ব্যাঙ্ক/ডিম্যাট অ্যাকাউন্টে জমা করা ব্যাঙ্কের অ্যাকাউন্টের স্লিপে তারিখ, স্ক্রিপ, পরিমাণ আপনার কাছে স্টক ব্রোকারকে দেওয়া ডকুমেন্টারী প্রমাণ/ডিপোজিট অফ সিকিউরিটিজ আছে বলে নিশ্চিত হন।
12. স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইটে, যেখানে ট্রেডের বিষয়ে বিস্তারিত উল্লেখ আছে সেখানে বাণিজ্যিক যাচাইকরণ উপলব্ধ আছে বলে নিশ্চিত করুন এবং কন্ট্রাক্ট নোট যাচাই করুন। যদি কন্ট্রাক্ট নোটের সাথে ওয়েবসাইটের ব্যবসার বিস্তারিত বিবরণ না মেলে, তাহলে সাথে সাথেই নির্ধারিত স্টক এক্সচেঞ্জের ইনভেস্টার্স গ্রিভেন্স সেল-এর সাথে যোগাযোগ করুন।
13. যদি আপনি অ্যাকাউন্ট চালু করার জন্য, তহবিল প্রদানের জন্য অথবা সিকিউরিটিজ ডেলিভারী করার জন্য (সময় সময়ে হয়তো এমনটা হতে পারে) কর্তৃত্বদান করেন, তাহলে হয়তো এক্সচেঞ্জ থেকে পে আউট অর্ডার পাবার পর সেই একই দিনে কাজটা সম্পন্ন নাও হতে পারে। তাই স্টক ব্রোকার নিচে উল্লেখিত বিষয় ক্ষেত্রে আপনার হয়ে একটা চালু অ্যাকাউন্ট রক্ষণাবেক্ষন করে চলবেন।
    a) আপনার কাছ থেকে আপনার স্বাক্ষর করা তারিখ উল্লেখ করা এই ধরণের কর্তৃত্বদানে এই ধারাটি উল্লেখ থাকবে যে আপনি চাইলে এই সুবিধাটি যেকোন সময় বাতিল করে দিতে পারেন।
    b) তহবিলের প্রকৃত নিস্পত্তি এবং সিকিউরিটিজ অগ্রাধিকারের ওপর নির্ভর করে ক্যালেন্ডার কোয়ার্টারে একবার, মাসে অন্তত একবার স্টক ব্রোকার করবেন। অ্যাকাউন্ট নিস্পত্তি করার সময়, স্টক ব্রোকার আপনাকে একটি 'স্টেটমেন্ট অফ অ্যাকাউন্টস' পাঠাবেন যেখানে তহবিলের জন্য গ্রাহকের লেজার এবং রেজিস্টার অফ সিকিউরিটিজ থেকে সংগ্রহ করা নির্যাস থাকবে। এগুলিতে তহবিলের সকল রিসিট/ডেলিভারিজ প্রদর্শন করা থাকবে। এই স্টেটমেন্টে তহবিল এবং সিকিউরিটিজ এবং প্রতিশ্রুতি শেয়ারের বিস্তারিত বিবরণ যদি কিছু থাকে, তাহলে সেগুলি থাকবে।
    c) নিস্পত্তির দিন, স্টক ব্রোকার প্রয়োজনীয় সিকিউরিটিজ/তহবিলগুলি অনাদায়ী দায়বদ্ধতার জন্য ধরে রাখতে পারে এবং আগামী 5 দিনের ব্যবসার জন্য আয়ের মার্জিন দায়বদ্ধতার জন্য প্রয়োজনীয় আশান্বিত তহবিলও এক্সচেঞ্জ দ্বারা এক নির্দিষ্ট উপায়ে গণনা করে ধরে রাখতে পারেন। নগদ মার্কেটের লেনদেনের ক্ষেত্রে স্টক ব্রোকার গ্রাহকের

কাছে থেকে নিষ্পত্তির দিনে প্রাপ্য বাকী থাকা তহবিল এবং পরবর্তী দিনের ব্যবসায়ের সম্পূর্ণ পে-ইন-অব্লিগেশন এবং সিকিউরিটিজ ধরে রাখতে পারেন, এছাড়াও তিনি ক্যাশ মার্কেটে সেই দিনের নিষ্পত্তি বাবদ লেনদেনের মূল্য তহবিল/সিকিউরিটিজ/মার্জিনও ধরে রাখতে পারেন।

d) স্টেটমেন্ট অফ অ্যাকাউন্টস অথবা সেটেলমেন্টে কোনপ্রকার বিবাদ ধরা পড়লে ক্ষেত্রমত হিসাবে লিখিত আকারে বিষয়টা তহবিল/সিকিউরিটিজ প্রাপ্তির যেকোন কাজের 7 (সাত) দিনের মধ্যে স্টক ব্রোকারের নজরে আনতে হবে। যদি বিবাদ হয়, তাহলে বিষয়টা নির্ধারিত স্টক এক্সচেঞ্জে বিলম্ব না করে লিখিত আকারে 'বিনিয়োগকারীর অভিযোগ সেল'-এ জানাতে হবে।

14. যদি আপনি চলতি অ্যাকাউন্ট রক্ষণাবেক্ষন না করেন এবং তহবিল/সিকিউরিটি-এর পে-আউট এক্সচেঞ্জ থেকে প্রাপ্ত-পে-আউটের পরের কাজে দিনেও না পান, তাহলে বিষয়টা স্টক ব্রোকারকে জানান। যদি সেখানে কোনপ্রকার বিরোধ দেখা দেয় তাহলে বিষয়টা নির্ধারিত স্টক এক্সচেঞ্জে লিখিত আকারে 'বিনিয়োগকারীর অভিযোগ সেল'-এ জানিয়ে সাথে সাথেই অভিযোগ দাখিল করবেন।

15. অনুগ্রহ করে আপনার মোবাইল নম্বর এবং ইমেল আইডি স্টক ব্রোকারের কাছে নথিভুক্ত করান, যাতে আপনি ব্যবসা সংক্রান্ত তথ্যের সতর্কবার্তা/লেনদেনের বিবরণ ট্রেডিং দিনের শেষে স্টক এক্সচেঞ্জ থেকে SMS অথবা ইমেল মারফত পেতে পারেন।

**ট্রেডিং সদস্যপদ পরিসমাপ্তি হলে**

16. যদি কোনো স্টক ব্রোকার তার সদস্যপদ ত্যাগ করেন, সদস্যপদ থেকে বহিস্কৃত হন অথবা ডিফল্টার হিসাবে ঘোষিত হয়, স্টক এক্সচেঞ্জ দাবী সম্পর্কিত একটি পাব্লিক নোটিশ প্রকাশ করবে যেখানে শুধুমাত্র বিনিয়োগকারীদের স্টকএক্সচেঞ্জের "ট্রেডিং সিস্টেমে সঞ্চালিত লেনদেন" বিষয়টি জড়িত থাকবে। আপনি নির্ধারিত স্টক এক্সচেঞ্জে নির্ধারিত সময়ের ভেতর সাহায্যকারী ডকুমেন্ট সহ একটি দাবীপত্র করবেন বলে নিশ্চিত হন।

17. স্টক ব্রোকারের কাছে জমা দেওয়া অর্থ/সিকিউরিটিজ-এর সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলির সাথে নিজেকে অভ্যস্ত করে নিন, বিশেষ করে যদি আপনি ডিফল্ট অথবা স্টক ব্রোকারের অর্থশূণ্যতা অথবা দেউলিয়া অবস্থা থেকে আপনি নিজের অর্থ/সিকিউরিটিজ পুনরুদ্ধার করতে পারেন যা সংশ্লিষ্ট স্টক ব্রোকারের উপনিয়ম এবং প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত হতে পারে যেখানে ব্যবসা বিনিয়োগকারীদের সুরক্ষা তহবিলে সময়ে সময়ে স্কীম মারফত পালন করা হতে পারে।

**বিতর্ক/অভিযোগগুলি**

18. অনুগ্রহ করে নোট করবেন যে সালিসি বিচারকার্যের বিবরণ, ব্রোকার অভিযোগের বিরুদ্ধে দন্ডদায়ক কর্ম এবং স্টক ব্রোকারের বিরুদ্ধে বিনিয়োগকারীদের দন্ডদায়ক কর্ম সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের ওয়েব সাইটে প্রকাশিত হবে।

19. যদি আপনার বিষয়/সমস্যা/অভিযোগ নির্ধারিত স্টক ব্রোকার/সাব-ব্রোকার দ্বারা নিষ্পত্তি না করা হয়, তাহলে আপনি বিষয়টা সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের নজরে আনতে পারেন। যদি তবুও আপনি অভিযোগের সমাধান নিয়ে সন্তুষ্ট না হন, তাহলে আপনি বিষয়টা SEBI-র নজরে ধাপে ধাপে আনতে পারেন।

20. মনে রাখবেন যে SEBI, স্টক সকল ব্রোকার/সাব-ব্রোকারকে অভিযোগ প্রতিবিধান বিভাগ/সম্মতি সম্পর্কিত আধিকারিকের কাছে বিশেষভাবে অভিযোগ নথিভুক্ত করার জন্য একটি ইমেল ID নামকরণ করার বিষয়টি বাধ্যতামূলক করেছে।